-২৮-

"শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ"

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
কেন্দ্রীয় সচিবালয়
ওয়াপদা ভবন(২য় তলা), মতিঝিল, ঢাকা
www.bpdb.gov.bd

স্মারক নম্বর : ২৭.১১.০০০০.১০১.২৩.০০১.২০-৭৬

তারিখ : ২৯ জানুয়ারি ২০২০

বিষয়: **জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা প্রেরণ**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক নিম্নোক্ত খসড়া কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে:

ক) ২০২০ সালের ডিসেম্বর মাসের মধ্যে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর আওতাধীন এলাকায় শতভাগ এবং নির্ভরযোগ্য বিদ্যুতায়ন কার্যক্রম সম্পন্ন করা;

খ) বৈদ্যুতিক সরঞ্জামাদি এবং বৈদ্যুতিক ক্যাবলের Standard Specification এবং বৈদ্যুতিক ওয়্যারিং ইউনিফাইড করার উদ্যোগ গ্রহণ;

গ) বিদ্যুতের অপচয় রোধে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন এলাকায় প্রি-পেইড মিটারিং কার্যক্রম গ্রহণ;

ঘ) পার্বত্য চট্টগ্রাম এবং দ্বীপাঞ্চলসমূহে শতভাগ বিদ্যুতায়নের কর্মপদ্ধতি নির্ধারণ;

ঙ) ২০২০ সালের ১৭ মার্চ হতে ২০২১ সালের ১৭ মার্চ পর্যন্ত সময়কে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক 'সেবা বর্ষ' হিসেবে ঘোষণা প্রদান;

চ) গ্রাহক সেবার উৎকর্ষ সাধনে বঙ্গবন্ধুর দর্শনের ভিত্তিতে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর, বিদ্যুৎ কেন্দ্র ও বিতরণ জোনসমূহের মধ্যে 'ইনোভেশন প্রতিযোগিতা' এর আয়োজন করা;

ছ) বৈদ্যুতিক খাতে দেশে ও বিদেশে দক্ষ জনশক্তির চাহিদা পূরণকল্পে বৈদ্যুতিক কর্ম পেশায় দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে 'মুজিব বর্ষে' প্রশিক্ষণ কর্মসূচির মাধ্যমে ন্যুনতম ১২০০ জন বেকার যুবককে মানব সম্পদে রুপান্তর করা;

জ) 'মুজিব বর্ষে' বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং এর আওতাধীন বিভিন্ন দপ্তর, বিদ্যুৎ কেন্দ্র ও বিতরণ জোনসমূহের মধ্যে পরিস্কার-পরিচ্ছন্নতা বিষয়ে প্রতিযোগিতার আয়োজন;

ঝ) বিদ্যুৎ খাতের বিবর্তনের উপর মানসম্পন্ন প্রকাশনা প্রকাশ;

ঞ) ১ মার্চ ২০২০ তারিখে 'মুজিব বর্ষ' পালন উপলক্ষে প্রশিক্ষণ প্রদান, ইলেকট্রিশিয়ানদের মধ্যে সনদ বিতরণ অনুষ্ঠান আয়োজনে সহযোগীতা করা;

ট) সেবা বর্ষে (১৭ মার্চ ২০২০-১৭ মার্চ ২০২১) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ সেবা প্রদানের লক্ষ্যে নির্ধারিত সময়ের অতিরিক্ত ১ ঘন্টা বেশী কাজ করা;

ঠ) বঙ্গবন্ধুর দর্শন, জাতীয় উন্নয়নে বিদ্যুৎ খাতের অবদান, বিদ্যুৎ খাতের অর্জন বিষয়ে জাতীয় বিদ্যুৎ সপ্তাহ আয়োজনে সহায়তা;

ড) জাতীয় পর্যায়ে বঙ্গবন্ধু শেখ মুজিবের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে যে ওয়েবসাইট তৈরি করা হবে তার সাথে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর লিংক স্থাপন;

ঢ) 'আমার গ্রাম আমার শহর' বিষয়বস্তুকে সামনে রেখে মডেল গ্রাম নির্বাচনপূর্বক পূর্ণাঙ্গরুপে গ্রামের উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়ন;

ণ) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিতে কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মজীবন উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন। দুর্নীতির ক্ষেত্রে জিরো টলারেন্স নীতি প্রতিপালনপূর্বক গ্রাহক হয়রানি দূরীকরণের লক্ষ্যে নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন;

ত) অংশগ্রহণমূলক সম্পাদিত কর্ম-মূল্যায়ন পদ্ধতির প্রবর্তন ও বাস্তবায়ন। প্রতিটি দপ্তর, বিদ্যুৎ কেন্দ্র ও বিতরণ জোনের মধ্য থেকে কার্যক্ষেত্রে সফলতার জন্য বঙ্গবন্ধু Service Excellence Award প্রদান এবং বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন এলাকায় সেবা প্রদানের ক্ষেত্রে একজন সেরা বিদ্যুৎ কর্মী ও একজন সেরা বিদ্যুৎ গ্রাহককে বঙ্গবন্ধু পুরস্কার প্রদান;

থ) মুজিব বর্ষে বিদ্যুতের অপচয় রোধ ও অবৈধ সংযোগমুক্ত বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে বছরব্যাপী বিশেষ কার্যক্রম গ্রহণ;

দ) বিদ্যুতের সাশ্রয়ী ও দায়িত্বপূর্ণ ব্যবহারের লক্ষ্যে জনগণকে উদ্বুদ্ধকরণ;

ধ) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন বিতরণ এলাকায় প্রতিটি নিবার্হী প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী পর্যায়ের কর্মকর্তাগণ উপস্থিত থেকে গ্রাহক সমাবেশ করবেন এবং তাৎক্ষণিক সমস্যার সমাধান করবেন;

ন) গ্রাহক সেবার মান উন্নয়ন ও গ্রাহকদের ভোগান্তি লাঘবে অভিযোগ গ্রহণ ও প্রতিকার ব্যবস্থাপনা (Grievance Redress System)-কে উন্নত করতে নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন। সেবা গ্রহীতাদের অভিযোগ গ্রহণের লক্ষ্যে একটি বিশেষ হট লাইন নম্বর প্রবর্তণ;

প) সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় সুফলভোগী দরিদ্র জনগোষ্ঠীর জন্য বিদ্যুৎ সেবা সহজীকরণ;

ফ) সেবা সম্পর্কিত বঙ্গবন্ধুর বিভিন্ন বক্তৃতা ও উদ্বৃতি সংকলন করে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর আওতাধীন সকল দপ্তর, বিদ্যুৎ কেন্দ্র ও বিতরণ জোনের সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারিদের মাঝে বিতরণ এবং জনগণকে বিদ্যুৎ সাশ্রয় ও দুর্ঘটনা প্রতিরোধে করণীয় সম্পর্কে সচেতন করার লক্ষ্যে ফ্লায়ার্স/লিফলেট বিতরণ এর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

ব) বিদ্যুতায়নে জাতির পিতার অবদান, বাংলাদেশের সংবিধানে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড গঠন, বিদ্যুৎ খাতের অর্জন এবং এতদসংক্রান্ত জাতির পিতার উক্তি অন্তর্ভুক্ত করে ডকুমেন্টারি প্রস্তুত;

ভ) সারা বছর ধরে বিভিন্ন সেমিনার, সভা, প্রিন্ট/ইলেকট্রনিক ও সোশ্যাল মিডিয়ায় প্রচার;

ম) বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে বিদ্যুতের ভূমিকা এবং টেকসই উন্নয়নে বিদ্যুৎ সাশ্রয় ও বিদ্যুতের যৌক্তিক ব্যবহারের লক্ষ্যে প্রচারণামূলক কার্যক্রম;

য) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের বিদ্যুৎ বিতরণ/উৎপাদন কেন্দ্রের প্রবেশ দ্বারে বঙ্গবন্ধুর সেবা সম্পর্কিত বক্তব্য ও উক্তিসমূহ ইলেকট্রনিক বোর্ড স্থাপনের মাধ্যমে প্রচারের ব্যবস্থাকরণ;

র) 'মুজিববর্ষ' পালন উপলক্ষে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের জরুরি বিদ্যুৎ কাজে ব্যবহৃত সকল যানবাহনে সেবা বর্ষের পৃথক লোগো ব্যবহার ও সজ্জিতকরণ;

ল) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন এলাকায় বিদ্যুতের অপচয় এবং বিদ্যুতের দূর্ঘটনা রোধকল্পে স্কুল/কলেজ পর্যায়ের শিক্ষক ও শিক্ষার্থীদেরকে নিয়ে সচেতনতামূলক কার্যক্রম আয়োজন।

২। উক্ত কর্মপরিকল্পনাসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য ১টি কেন্দ্রীয় সাংগঠনিক কমিটি ও ৫টি উপকমিটি গঠন করা হয়েছে। উপকমিটিসমূহ বিস্তারিত কর্মপরিকল্পনা প্রণয়নে কাজ করছে। বিস্তারিত কর্মপরিকল্পনা প্রণয়ন শেষে অতিদ্রুত তা বিদ্যুৎ বিভাগে প্রেরণ করা হবে।

৩। ইহা মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

২৯/১/২০২০


(সাইফুল ইসলাম আজাদ)
সচিব
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা
☎: ০২-৯৫৫৪২০৯
Secretary@bpdb.gov.bd


সচিব
বিদ্যুৎ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নম্বর : ২৭.১১.০০০০.১০১.২৩.০০১.২০-৭৬ তারিখ : ২৯ জানুয়ারি ২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল:

১। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
২। সদস্য, প্রশাসন/অর্থ/পিএন্ডডি/বিতরণ/কোম্পানি অ্যাফেয়ার্স/উৎপাদন, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
৩। অফিস কপি।